# রাজশাহী-১ আসনে প্রার্থী পরিবর্তন ঘিরে বিএনপির দুই গ্রুপের সংঘর্ষে আহত ১৫



সংগৃহীত ছবি

রাজশাহী-১ আসনে বিএনপির প্রার্থী নির্বাচনকে কেন্দ্র করে উত্তেজনা চরমে পৌঁছেছে। মনোনীত প্রার্থী পরিবর্তনের দাবিতে চলমান আন্দোলনের অংশ হিসেবে মঙ্গলবার (২৫ নভেম্বর) সন্ধ্যায় তানোর উপজেলার ডাকবাংলা মাঠ থেকে বঞ্চিত প্রার্থী সুলতানুল ইসলাম তারেকের সমর্থকরা মশাল মিছিল নিয়ে বের হন।

মিছিলটি উপজেলা পরিষদ হয়ে থানা মোড়ের দিকে যাওয়ার সময় পথে বাধা দেয় বিএনপির মনোনীত প্রার্থী মেজর জেনারেল শরিফ উদ্দিনের অনুসারীরা। বাধা দেওয়াকে কেন্দ্র করে মুহূর্তেই দুই পক্ষের মধ্যে তুমুল উত্তেজনা ছড়িয়ে পড়ে। শুরু হয় ধাওয়া–পাল্টাধাওয়া, ইটপাটকেল নিক্ষেপ ও হাতাহাতি। এতে পুলিশ ও স্থানীয় সাংবাদিকসহ উভয় পক্ষের অন্তত ১৫ জন আহত হন।

খবর পেয়ে তানোর থানা পুলিশ দ্রুত ঘটনাস্থলে গিয়ে লাঠিচার্জ করে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। সংঘর্ষে আহত ব্যক্তিদের উদ্ধার করে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসার জন্য পাঠানো হয়। এ ঘটনায় এলাকায় উত্তেজনা বিরাজ করছে, তবে পরিস্থিতি বর্তমানে পুলিশের নিয়ন্ত্রণে রয়েছে।

LENS ASIA